

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়  
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
 (শুল্ক)  
 প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ/১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৯১-আইন/২০১০/২৩০৯/শুল্ক।- Customs Act, 1969 (IV of 1969) এর section 25(3) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৪১-আইন/২০০৯/২২৪৪/শুল্ক এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর দফা ১ এর “অনধিক ৫(পাঁচ) বৎসর বয়সের যে কোন মেয়াদের আমদানিকৃত মোটর গাড়ীর জন্য সর্বসাকুল্যে (consolidated) ৩০% ” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলির পরিবর্তে “অনধিক ৪(চার) বৎসর বয়সের যে কোন মেয়াদের আমদানিকৃত মোটর গাড়ির জন্য সর্বসাকুল্যে (consolidated) ২৫%” শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(হুসেইন আহমেদ)

অতিরিক্ত সচিব (পদাধিকার বলে)।